গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

**বিষয়: রেলপথ মন্ত্রণালয়ের জুন ২০১৯-এর মাসিক অভ্যন্তরীণ সমন্বয়সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব, রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ২৩ জুন ২০১৯
সময় : বিকাল ০৩: ০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (৯ম তলা), রেলভবন, ঢাকা।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-২)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) আলোচ্যসূচি অনুযায়ী ২৬ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক অভ্যন্তরীণ সমন্বয়সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোন আপত্তি/সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীটি অনুমোদন করা হয়। পরবর্তীতে গত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

০৩। সভায় বিস্তারিত বিষয়াদি ইংরেজিতে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | মন্ত্রণালয়ে জনবল নিয়োগ | সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, নিয়োগ বিজ্ঞপ্তি ২টি পত্রিকায় প্রকাশের নিমিত্ত অনুমতি প্রদানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। অনুমতি পাওয়ার পর বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। এছাড়া তিনি আরও বলেন, টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর মাধ্যমে অনলাইনে আবেদন জমা প্রসঙ্গে জনপ্রশাসন মন্ত্রণালয় এর সিস্টেম এনালিস্ট জানান বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের পূর্বে টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর সাথে চুক্তিপত্র সম্পাদন/আনুষ্ঠানিকতা সম্পন্নের প্রয়োজন আছে। এ বিষয়ে টেলিটক বাংলাদেশ লিমিটেড-কে আনুষ্ঠানিকভাবে অনুরোধ করা যেতে পারে।<br><br>সভাপতি বলেন যে, টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর সাথে আলোচনার মাধ্যমে চুক্তিপত্র সম্পাদন/আনুষ্ঠনিকতা কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে এবং যাবতীয় কাজের সুনির্দিষ্ট সময়সীমা নির্ধারণপূর্বক নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে একটি ভাল মানের নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে। | (ক) টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর সাথে আলোচনার মাধ্যমে চুক্তিপত্র সম্পাদন/ আনুষ্ঠনিকতা কার্যক্রম দ্রুততার সম্পাদান করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে; এবং<br><br>(খ) নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাজের সুনির্দিষ্ট সময়সীমা নির্ধারণপূর্বক এ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে একটি ভাল মানের নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, APA ও NIS-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রয়েছে। এপ্রিল ২০১৯ মাস পর্যন্ত জনপ্রতি ৭০.২৭ কর্মঘন্টা প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তিনি বলেন যে, আগামী ২৭ জুন ২০১৯ মাসে 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা'- বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়েছে।<br><br>সভাপতি বলেন যে, আগামী ২০১৯-২০ অর্থ-বছরের জন্য প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে। APA, NIS এবং ইনোভেশন কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত প্রশিক্ষণসূচি'র আলোকে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | (ক) ২০১৯-২০ অর্থ-বছরের জন্য প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে; এবং<br><br>(খ) APA, NIS এবং ইনোভেশন কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত প্রশিক্ষণসূচি'র আলোকে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |

| ক্রম: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | যুগ্মসচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ-বছরে স্বাক্ষরিত এপিএ'র মোট ১১০টি সূচকের মধ্যে ৬২টি সূচক সম্পূর্ণ বাস্তবায়িত হয়েছে, ১৯টি সূচক আংশিক বাস্তবায়িত এবং ২৯টি সূচকের বিপরীতে কোন অর্জন নেই। তিনি আরও বলেন যে, এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত উচ্চ ও মধ্যম ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত কার্যক্রম/সূচক সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে বাস্তবায়নকারী কর্মকর্তা/দপ্তরের সাথে ছোট ছোট গ্রুপ করে নিয়মিত সভা করা হচ্ছে। এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত উচ্চ ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত কার্যক্রম/সূচক নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া, এপিএ'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় গৃহীত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিত করার জন্যও সভা আয়োজন করা হচ্ছে। এছাড়া, রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ১৯ জুন ২০১৯ তারিখে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br><br>সভাপতি এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান এবং এপিএ'র আংশিক ও অবাস্তবায়িত সূচকগুলির বিষয়ে জরুরিভিত্তিতে বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সভা করার নির্দেশনা দেন। তিনি এ বিষয়ে সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থাপন করারও নির্দেশনা দেন। | (ক) এপিএ'র আংশিক ও অবাস্তবায়িত সূচকগুলির বিষয়ে জরুরিভিত্তিতে বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সভা করতে হবে; এবং<br><br>(খ) এপিএ'র সর্বশেষ বাস্তবায়ন আগ্রগতি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মসচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, NIS-এর কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। এছাড়া, তিনি আরও বলেন যে, গত ১৯ জুন ২০১৯ তারিখ বুধবার সকাল ১০:০০ টায় জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, সচিব, রেলপথ মন্ত্রণালয়-এঁর সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পকিল্পনা ২০১৮-১৯-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্টদের নিয়ে একটি **'অংশীজন সভা'** (৬ষ্ঠ সভা) অনুষ্ঠিত হয়। এছাড়া, গত ১৩ জুন ২০১৯ তারিখে নৈতিকতা কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত হয় এবং ২০১৯-২০ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।<br><br>সভাপতি বলেন যে, NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট কার্যক্রমগুলি যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং এ বিষয়ে সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (ক) NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট কার্যক্রমগুলি যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; এবং<br>(খ) NIS কর্ম-পরিকল্পনার সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রতিমাসের মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১। অনুবিভাগ প্রধান (সকল), রেলপথ মন্ত্রণালয়।<br><br>২। উপসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.৫ | বিভাগীয় মামলা ও অভিযোগ নিষ্পত্তি | উপসচিব (প্রশাসন-৩) সভায় জানান যে, অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা ৪৪টি। মে ২০১৯ মাসে কোন বিভাগীয় মামলা নিষ্পত্তি হয়নি। সভাপতি মামলা পর্যালোচনা সভা আয়োজন অব্যাহত রেখে অনিষ্পন্ন বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। তিনি মন্ত্রিপরিষদ সচিবের নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয়ে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি এসভায় উপস্থাপনের জন্যও নির্দেশনা দেন। | (ক) অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পর্যালোচনা সভা আয়োজন অব্যাহত রাখতে হবে এবং অনিষ্পন্ন বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>(খ) মন্ত্রণালয়ে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি এসভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |

<table>
<tr><th>ক্রম:</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>৩.৬</td>
<td>অডিট আপত্তি</td>
<td>
অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয় সভায় মে ২০১৯ পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের অনিষ্পন্ন অডিট আপত্তি, দাবী ও নিষ্পত্তির নিম্নোক্ত বিবরণ উপস্থাপন করেনঃ<br>
মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের কার্যালয়
<table>
<tr><th rowspan="2">ধরণ</th><th rowspan="2">মে/১৯ মাস পর্যন্ত জের</th><th rowspan="2">মে/১৯ মাসে প্রাপ্ত আপত্তি</th><th rowspan="2">মোট আপত্তি (২+৩)</th><th colspan="2">দ্বিপক্ষীয় সভার মাধ্যম অডিট আপত্তি নিষ্পত্তি</th><th colspan="2">ত্রিপক্ষীয় সভার মাধ্যম অডিট আপত্তি নিষ্পত্তি</th><th rowspan="2">মোট অডিট আপত্তি নিষ্পত্তি</th><th rowspan="2">মে/১৯ মাস শেষে জের</th></tr>
<tr><th>সুপারিশকৃত</th><th>নিষ্পত্তি</th><th>সুপারিশকৃত</th><th>নিষ্পত্তি</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td><td>১০</td></tr>
<tr><td>সাধারণ</td><td>৫৮০</td><td>-</td><td>৫৮০</td><td>-</td><td>-</td><td></td><td>-</td><td>-</td><td>৫৮০</td></tr>
<tr><td>অগ্রিম</td><td>৫৩</td><td>-</td><td>৫৩</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৫৩</td></tr>
<tr><td>খসড়া</td><td>১১০</td><td>-</td><td>১১০</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>১১০</td></tr>
<tr><td>মোট (ক)</td><td>৭৪৩</td><td>-</td><td>৭৪৩</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৭৪৩</td></tr>
<tr><td>টাকা (হাজারে)</td><td>১৩,৬১, ২৬১</td><td>-</td><td>১৩,৬১, ২৬১</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>১৩৬১২ ৬১</td></tr>
</table>
মহাব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে (পূর্ব)-এর কার্যালয়
<table>
<tr><th rowspan="2">ধরণ</th><th rowspan="2">মে/১৯ মাস পর্যন্ত জের</th><th rowspan="2">মে/১৯ মাসে প্রাপ্ত আপত্তি</th><th rowspan="2">মোট আপত্তি (২+৩)</th><th colspan="2">দ্বিপক্ষীয় সভার মাধ্যম অডিট আপত্তি নিষ্পত্তি</th><th colspan="2">ত্রিপক্ষীয় সভার মাধ্যম অডিট আপত্তি নিষ্পত্তি</th><th rowspan="2">মোট অডিট আপত্তি নিষ্পত্তি</th><th rowspan="2">মে/১৯ মাস শেষে জের</th></tr>
<tr><th>সুপারিশকৃত</th><th>নিষ্পত্তি</th><th>সুপারিশকৃত</th><th>নিষ্পত্তি</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td><td>১০</td></tr>
<tr><td>সাধারণ</td><td>৮৪৬৪</td><td>-</td><td>৮৪৬৪</td><td>০৪</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৮৪৬৪</td></tr>
<tr><td>অগ্রিম</td><td>৭৯৯</td><td>-</td><td>৭৯৯</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৭৯৯</td></tr>
<tr><td>খসড়া</td><td>৫৮৭</td><td>-</td><td>৫৮৭</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৫৮৭</td></tr>
<tr><td>মোট (খ)</td><td>৯৮৫০</td><td>-</td><td>৯৮৫০</td><td>০৪</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৯৮৫০</td></tr>
<tr><td>টাকা (হাজারে)</td><td>৩৬৪১ ৯৭৬৭৫ ৭</td><td>-</td><td></td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৩৬৪১৯ ৭৬৭৫৭</td></tr>
</table>
মহাব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম)-এর কার্যালয়
<table>
<tr><th rowspan="2">ধরণ</th><th rowspan="2">মে/১৯ মাস পর্যন্ত জের</th><th rowspan="2">মে/১৯ মাসে প্রাপ্ত আপত্তি</th><th rowspan="2">মোট আপত্তি (২+৩)</th><th colspan="2">দ্বিপক্ষীয় সভার মাধ্যম অডিট আপত্তি নিষ্পত্তি</th><th colspan="2">ত্রিপক্ষীয় সভার মাধ্যম অডিট আপত্তি নিষ্পত্তি</th><th rowspan="2">মোট অডিট আপত্তি নিষ্পত্তি</th><th rowspan="2">মে/১৯ মাস শেষে জের</th></tr>
<tr><th>সুপারিশকৃত</th><th>নিষ্পত্তি</th><th>সুপারিশকৃত</th><th>নিষ্পত্তি</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td><td>১০</td></tr>
<tr><td>সাধারণ</td><td>৮২১৯</td><td>-</td><td>৮২১৯</td><td>০৬</td><td>-</td><td></td><td>-</td><td>৪৩</td><td>৮২১৯</td></tr>
<tr><td>অগ্রিম</td><td>৬২৬</td><td>-</td><td>৬২৬</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৬২৬</td></tr>
<tr><td>খসড়া</td><td>৩২৪</td><td>-</td><td>৩২৪</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৩২৪</td></tr>
<tr><td>মোট (গ)</td><td>৯১৬৯</td><td>-</td><td>৯১৬৯</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৪৩</td><td>৯১৬৯</td></tr>
<tr><td>টাকা (হাজারে )</td><td>৩২১২ ১০৩৪</td><td>-</td><td>৩২১২১০ ৩৪</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৫২৯৩৯</td><td>৩২১২১০৩ ৪</td></tr>
<tr><td>সর্বমোট (ক+খ +গ)</td><td>১৯,৭ ৬২</td><td>-</td><td>১৯,৭৬২</td><td>০৬</td><td>-</td><td>-</td><td>-</td><td>৪৩</td><td>১৯,৭৬২</td></tr>
<tr><td>মোট টাকা (হাজারে )</td><td>৩৬৭ ৫৪৫৯ ০৫২</td><td>-</td><td>৩৬৭৫৪ ৫৬০৫২</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৫২৯৩৯</td><td>৩৬৭৫৪৫৬ ০৫২</td></tr>
</table>
তিনি বলেন যে, গত মাসে জিএম (পূর্ব)-এর কার্যালয়ে ০৩টি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং ০৪টি অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে; জিএম (পশ্চিম)-এর কার্যালয়ে ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ০৬টি অডিট আপত্তি নিষ্পত্তি সুপারিশ করা হয়েছে। তিনি আরও বলেন, জিএম (পূর্ব)-এর কার্যালয়ে গত ২৯ মে ২০১৯ তারিখে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং ০১টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে।<br>
তিনি আরও উল্লেখ করেন যে, পিএ কমিটিতে আলোচিত ও অনিষ্পন্ন ৫৮টি অডিট আপত্তির মধ্যে ০২টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে; বাকী ৫৬টির মধ্যে ৪২টির ব্রডশীট জবাব প্রেরণের জন্য ডিজি, বিআর-এর নিকট পেন্ডিং আছে এবং ১৪টি ডিজি, অডিট অধিদপ্তরে নিষ্পত্তির অপেক্ষায় আছে। এছাড়া, জিএম (পূর্ব)-এর কার্যালয়ের অধীনে ০৪টি ইউনিট অফিসের রিকনসিলিয়েশনের কার্যক্রম চলমান রয়েছে; ডিজি, বিআর-এর নিকট থেকে মোট
</td>
<td>
(ক) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা নিয়মিত আয়োজনের মাধ্যমে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>
(খ) পূর্বাঞ্চলের অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো দ্রুত reconcile করে প্রকৃত ও হালনাগাদ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>
(গ) পিএ কমিটি’তে আলোচনাযোগ্য অডিট আপত্তিগুলোর জবাব দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়েকে অনুরোধ জানাতে হবে; এবং<br>
(ঘ) বাংলাদেশ রেলওয়ের যে সকল কর্মকর্তা ও কর্মচারি অডিট আপত্তি নিষ্পত্তিতে অবহেলা করবে তাদেরকে চিহ্নিত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
</td>
<td>অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়।</td>
</tr>
</table>

<table>
<tr><th>ক্রম:</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>১৪টি ব্রডশীট জবাব পাওয়া গেছে, যার মধ্যে ০৮টি ব্রডশীট-এর জবাব ডিজি, অডিট অধিদপ্তরে নিষ্পত্তির জন্য সুপারিশসহ প্রেরণ করা হয়েছে এবং ০৬টি ব্রডশীট জবাব কোয়ারী করে ডিজি, বিআর এর নিকট প্রেরণ করা হয়েছে।<br><br>তিনি আরও জানান, রেলপথ মন্ত্রণালয়ের অনিষ্পন্ন অডিট সম্পর্কে সকলকে অবহিত করার জন্য একটি সফটওয়্যার তৈরির কার্যক্রম চলমান রয়েছে; এটি সফল হলে অনিষ্পন্ন অডিটসমূহ নিষ্পত্তির বিষয়ে সকলে অবহিত হতে পারবে। সভাপতি পেন্ডিং অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য আহবান জানান এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বহাল রাখার নির্দেশনা দেন।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.৭</td><td>ই-ফাইলিং, ভিডিও-কনফারেন্স, ওয়েবসাইট হালনাগাদ ও উদ্ভাবনী উদ্যোগ</td><td>সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন যে, মে ২০১৯-এর তুলনায় জুন ২০১৯-এ ই-ফাইলে নথি হার হ্রাস পেয়েছে এবং ডাক নিষ্পত্তির হার বৃদ্ধি পেয়েছে যা নিম্নোক্ত ছকের মাধ্যমে উপস্থাপন করা হয়ঃ<br><br><table><tr><th>ক্রঃ নং</th><th>বিষয়</th><th>এপ্রিল ২০১৯</th><th>মে ২০১৯</th><th>বৃদ্ধি</th><th>হ্রাস</th></tr><tr><td>০১।</td><td>নথি</td><td>৫৪.০৭%</td><td>৪৪.৭৩%</td><td></td><td>(৫৪.০৭-৪৪.৭৩) =৯.৩৪%</td></tr><tr><td>০২।</td><td>ডাক</td><td>৩৩.৭৫%</td><td>৪০.৭৩%</td><td>(৪০.৭৩-৩৩.৭৫) =৬.৯৮%</td><td></td></tr></table><br>তিনি আরও জানান যে, মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে ই-নথি কার্যক্রম বাস্তবায়নে রেলপথ মন্ত্রণালয়ের মে ২০১৯ মাসে অবস্থান ১৭তম যা এপ্রিল ২০১৯ মাসের তুলনায় ১ধাপ পিছিয়েছে। এছাড়া, মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রমের যাবতীয় তথ্য/ছবি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত আপলোড ও ওয়েবসাইটটি হালনাগাদ করা হচ্ছে মর্মেও তিনি উল্লেখ করেন।<br><br>সভাপতি বলেন যে, সকল অনুবিভাগে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। এছাড়া, মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রমের যাবতীয় তথ্য/ছবি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত আপলোড এবং ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভা করার ওপর জোর দিয়ে তিনি বলেন যে, মাসিক সমন্বয় সভা এবং উন্নয়ন/উন্নয়ন প্রকল্প সংক্রান্ত সভা ব্যতিত অন্যান্য সকল সভা ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে আয়োজন করতে হবে।</td><td>(ক) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী কমপক্ষে শতকরা ৫০ ভাগ নথি ই-ফাইলিং-এর মাধ্যমে নিষ্পত্তি এবং শতকরা ৪০ ভাগ পত্র ই-নথিতে জারি নিশ্চিত করতে হবে;<br><br>(খ) মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রমের যাবতীয় তথ্য/ছবি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত আপলোডকরত: ওয়েবসাইটটি হালনাগাদ রাখতে হবে; এবং<br><br>(গ) মাসিক সমন্বয় সভা এবং উন্নয়ন/উন্নয়ন প্রকল্প সংক্রান্ত সভা ব্যতিত অন্যান্য সকল সভা ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে আয়োজন করতে হবে।</td><td>১। অনুবিভাগ প্রধান (সকল), রেলপথ মন্ত্রণালয়;<br><br>২। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়;<br><br>৩। সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল),রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৩.৮</td><td>পরিদর্শন</td><td>উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, গত ০১ এপ্রিল ২০১৯ তারিখে সিনিয়র সহকারি সচিব বেগম ইশরাত জাবিন কর্তৃক বাজেট-১ ও ২ শাখা এবং গত ২৭ এপ্রিল ২০১৯ তারিখে সহকারি সচিব জনাব মোঃ ফরহাদ মিঞা কর্তৃক অডিট শাখা পরিদর্শন করা হয়েছে। তবে, উন্নয়ন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি।<br><br>সভাপতি প্রমাপ অনুযায়ী শাখা/অধিশাখা সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রতি দুই মাসে একবার শাখা/অধিশাখা পরিদর্শন করার অনুরোধ করেন। এছাড়া, উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য গঠিত ৪টি কমিটির সদস্যদেরকে উন্নয়ন প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্যও সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>(ক) প্রমাপ অনুযায়ী নিয়মিত শাখা/ অধিশাখা পরিদর্শন করতে হবে এবং প্রতিবেদন দাখিল করতে হবে; এবং<br><br>(খ) উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য গঠিত কমিটির সদস্যদেরকে কমপক্ষে ১টি করে উন্নয়ন প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td>১। সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়।<br><br>২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়</td></tr>
<tr><td>৩.৯</td><td>অনিষ্পন্ন বিষয়</td><td>উপসচিব (প্রশাসন-২) সভায় বলেন যে, আইন শাখার ৩টি বিষয় অনিষ্পন্ন রয়েছে। সভাপতি অনিষ্পন্ন বিষয়াদি কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে ও নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থাদির বিস্তারিত বিবরণ (তাগিদপত্র ইস্যুর তথ্যসহ) একটি ছকে উপস্থাপন করতে হবে। তিনি অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশনা দেন।</td><td>(ক) অনিষ্পন্ন বিষয়াদি কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে ও নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থাদির বিস্তারিত বিবরণ (তাগিদপত্র ইস্যুর তথ্যসহ)</td><td>সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
</table>

| ক্রম: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | একটি ছকে উপস্থাপন করতে হবে; এবং<br>(খ) অনিষ্পন্ন বিষয়ের তালিকা হালনাগাদকরত: দ্রুত নিষ্পত্তির জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ৩.১০ | মোবাইল কোর্ট পরিচালনা, রেলওয়ে নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, মে ২০১৯-এ মোট ০৪টি মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে এবং ৮৬টি মামলায় ১২,১৯০/- টাকা অর্থদন্ড আদায় করা হয়েছে; তবে, কোন আসামীকে কারাদন্ড দেয়া হয়নি। তিনি আরও বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক স্টেশনে পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। এছাড়া, মোবাইল কোর্ট পরিচালনাকালে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ রেলস্টেশন ও ট্রেনের ভিতরের পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে থাকেন এবং মোবাইল কোর্ট পরিচালনা শেষে আলাদা প্রতিবেদনও প্রেরণ করেন। এ সময় রেলওয়ে নিরাপত্তার কথা বিবেচনা করে ট্রেনের ছাদে যাত্রী ওঠা এবং বিনা টিকেটে যাত্রী ভ্রমণরোধে ব্যবস্থা গ্রহণ করা হয়।<br><br>সভাপতি বলেন যে, গত ঈদ-উল-ফিতর এর মতো পবিত্র ঈদ-উল-আযহায় ঘরমুখো যাত্রীদের নিরাপদ ও সুষ্ঠু যাতায়াতের লক্ষ্যে আগস্ট মাসে কমলাপুর ও বিমানবন্দর রেলওয়ে স্টেশন তদারকির জন্য রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকে দায়িত্ব প্রদান করতে হবে। তিনি কমলাপুর, বিমানবন্দর, টঙ্গী, জয়দেবপুর, ভৈরব এবং ব্রাহ্মণবাড়িয়া স্টেশনসহ দেশের বড় বড় স্টেশগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা এবং ট্রেন ও রেলস্টেশনে পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার অব্যাহত রাখারও নির্দেশনা দেন। সভাপতি ট্রেনের যাত্রী ও মালামালের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং বিনা টিকিটে যাত্রীদের ট্রেনের ভিতরে ও ছাদে ওঠা বন্ধ করার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্যও নির্দেশ দেন। | (ক) কমলাপুর, বিমানবন্দর, টঙ্গী, জয়দেবপুর, ভৈরব, এবং ব্রাক্ষণবাড়িয়া স্টেশনসহ দেশের বড় বড় স্টেশনগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করতে এবং ট্রেন এবং রেলস্টেশনে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখতে হবে;<br><br>(খ) ট্রেনের যাত্রী ও মালামালের নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং বিনা টিকিটে যাত্রীদের ট্রেনের ভিতরে ও ছাদে ওঠা বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং<br><br>(গ) গত ঈদ-উল-ফিতরের মতো আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঘরমুখো যাত্রীদের নিরাপদ ও সুষ্ঠু যাতায়াতের লক্ষ্যে আগস্ট/২০১৯ মাসে কমলাপুর ও বিমানবন্দর রেলওয়ে স্টেশন তদারকির জন্য কর্মকর্তাদেরকে দায়িত্ব দিতে হবে। | ১। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), রেলপথ মন্ত্রণালয়।<br><br>২। অতিরিক্ত সচিব, (প্রশাসন/অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়; |
| ৩.১১ | মন্ত্রণালয়ের কর্মকতা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধি প্রকল্প | উপসচিব (উন্নয়ন-১) বলেন যে, মন্ত্রণালয়ের কর্মকতা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য একটি খসড়া ডিপিপি তৈরি কাজ চলমান রয়েছে।<br>সভাপতি বলেন যে, মন্ত্রণালয়ের কর্মকতা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য জরুরিভিত্তিতে একটি খসড়া ডিপিপি করে পরবর্তী মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয়ের কর্মকতা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য জরুরিভিত্তিতে একটি খসড়া ডিপিপি তৈরি করে পরবর্তী মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন-১) অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১২ | বিবিধ | উপসচিব (প্রশাসন-৪) বলেন যে, আগামী ১০ জুলাই ২০১৯ তারিখ সকাল ১১:৩০ টায় রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠু ও গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে রেলভবনের বিভিন্ন ফ্লোরে মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দকৃত কক্ষসমূহ ৮ম তলায় স্থানান্তরের বিষয়ে রেলভবনের ২য় তলার সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে।<br><br>সভাপতি বলেন যে, বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সভা করে রেলভবনে মন্ত্রণালয়ের কক্ষ পুনর্বিন্যাশের উদ্যোগ নিতে হবে। | বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সভা করে রেলভবনে মন্ত্রণালয়ের কক্ষ পুনর্বিন্যাশের উদ্যোগ নিতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়। |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব

নং ৫৪.০০.০০০০.০০৮.০০৬.১১.১৭-

তারিখ: আষাঢ় ১৪২৬ / জুলাই ২০১৯

**কার্যার্থে/জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। যুগ্ম-সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৪। উপ-সচিব/উপ-প্রধান (সকল)/অতিরিক্ত প্রধান পরিকল্পনা কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৫। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাক।
০৯। সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

(আলতাফ হোসেন সেখ)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩১৫
admin2@mor.gov.bd